অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/13/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মেটাস্ট্যাটিক স্তন ক্যান্সার সচেতনতা দিবসের স্বীকৃতিতে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে গোলাপি, টিল এবং সবুজ আলোয় আলোকিত করার নির্দেশ দিলেন

আলোকসজ্জা তাদেরকে সম্মান জানাবে যাদের স্টেজ IV এর ক্যান্সার স্তনের বাইরে অন্যান্য অঙ্গ যেমন হাড়, ফুসফুস, মস্তিষ্ক, বা যকৃতে ছড়িয়ে পড়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মেটাস্ট্যাটিক স্তন ক্যান্সার সচেতনতা দিবসের (Metastatic Breast Cancer Awareness Day) স্বীকৃতিতে পুরো নিউ ইয়র্ক স্টেটের একাধিক ল্যান্ডমার্ক এবং ব্রিজকে গোলাপি, টিল এবং সবুজ আলোয় আলোকিত করা হবে। ইভেন্টের কেন্দ্র হবে তারা যাদের স্তন ক্যান্সার শরীরের অন্য কোনও অংশে ছড়িয়ে পড়েছে, অধিকাংশ ক্ষেত্রে এটি হাড়, ফুসফুস, মস্তিষ্ক, বা যকৃতে ছড়িয়ে পড়ে। মেটাস্ট্যাটিক স্তন ক্যান্সারকে স্টেজ IV স্তন ক্যান্সারও বলা হয়।

"বহু নিউ ইয়র্কবাসীর, মতো আমিও পরিবারের উপর ক্যান্সারের বিপর্যয় নিজে দেখেছি," **গভর্নর হোকল বলেন।** "আমরা মেটাস্ট্যাটিক স্তন ক্যান্সার সচেতনতা দিবস পালন করছি, তাই ক্যান্সার যারা কাটিয়ে উঠতে পেরেছে এবং যারা এখনো ক্যান্সার নিয়ে বাস করছে তাদের সমর্থন করতে, ক্যান্সারে হারানোদের স্মরণ করতে, এবং ক্যান্সারের বিরুদ্ধে লড়াইয়ে প্রতিদিন ব্যক্তিদের সাহায্য করতে কাজ করা স্বাস্থ্যসেবা কর্মীদের উদযাপন করতে আমাদের সাথে যোগ দেওয়ার জন্য সকল নিউ ইয়র্কবাসীকে আমি উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health) কমিশনার ডাঃ জেমস ভি. ম্যাকডোনাল্ড বলেন, "অক্টোবর হলো স্তন ক্যান্সার সচেতনতা মাস (Breast Cancer Awareness Month) এবং মেটাস্ট্যাটিক স্তন ক্যান্সারের গুরুতর অবস্থা, অব্যাহত গবেষণার প্রয়োজনীয়তা, নতুন চিকিৎসা, এবং মেটাস্ট্যাটিক স্তন ক্যান্সার নিয়ে বেঁচে থাকা ব্যক্তিদের জন্য আরো উত্তম একটি ভবিষ্যতের আশার কথা আমাদেরকে স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে।"

মূল রোগনির্ণয় ও চিকিৎসার বহু মাস বা বছর পরেও দেহের অন্য কোনও অংশে স্তন ক্যান্সার ফেরত আসতে পারে। ছড়িয়ে পড়া ক্যান্সারও স্তন ক্যান্সার এবং এটি হাড়ের ক্যান্সার বা যকৃতের ক্যান্সার বা ফুসফুসের ক্যান্সারে পরিণত হয় না। একটি মাইক্রোস্কোপের নিচে, টিউমারের কোষগুলি স্তন ক্যান্সারের মতোই দেখতে হয় ও সেরূপ আচরণ করে এবং স্তন ক্যান্সারের

মতোই চিকিৎসা করা হয়। এই মেটাস্ট্যাটিক ব্যাধি কেন হয় তা গবেষকরা এই মুহূর্তে ব্যাখ্যা করতে পারছে না, কিন্তু তারা উত্তর বের করতে কাজ করছে। যদিও মেটাস্ট্যাটিক স্তন ক্যান্সারের কোনও নিরাময় নেই, চিকিৎসা এটিকে বেশ কয়েক বছর নিয়ন্ত্রণ করতে পারে।

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) অনুযায়ী, ত্বকের ক্যান্সারের পর স্তন ক্যান্সারই মার্কিন যুক্তরাষ্ট্র এবং নিউ ইয়র্কের নারীদের মধ্যে সর্বাধিক দেখা যাওয়া ক্যান্সার। প্রতি আটজনের মধ্যে একজন নারী তাদের জীবদ্দশায় স্তন ক্যান্সারে আক্রান্ত হবে, এবং নিউ ইয়র্ক স্টেটে প্রতি বছর স্তন ক্যান্সারের প্রায় 16,700 নতুন কেস এবং 2,500 মৃত্যু হয়ে থাকে। বয়সের সাথে সাথে স্তন ক্যান্সারের ঝুঁকি বৃদ্ধি পায় এবং বিভিন্ন বর্ণের গোষ্ঠীতে এটি ভিন্ন। কৃষ্ণাঙ্গ নারীদের অগ্রসর পর্যায়ে স্তন ক্যান্সার নির্ণীত হওয়া এবং এই ব্যাধিতে মারা যাওয়ার ঝুঁকি বেশি।

এই 15টি ল্যান্ডমার্ক ও ব্রিজ গোলাপি, টিল এবং সবুজ আলোয় আলোকিত হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ ("Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহান ট্রেন হল
- হাডসন স্টেট হিস্টোরিক পার্কের উপরস্থ ওয়াকওয়ে

দ্রুত স্তন ক্যান্সার নির্ণয় করার সেরা উপায় হলো ম্যামোগ্রাম, যখন এটি চিকিৎসা করা সহজতর হয় এবং সমস্যার কোনও চিহ্ন বা লক্ষণ দেখা যাওয়ার পূর্বেই তা নির্ণয় করা যায়। ম্যামোগ্রাফি করানোর আর্থিক প্রতিবন্ধকতা অপসারণ করতে নিউ ইয়র্ক স্টেটে সর্বাধিক আগ্রাসী কিছু আইন রয়েছে। স্বাস্থ্য বীমাসহ নিউ ইয়র্কবাসীদেরকে নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী স্তন ক্যান্সারের স্ক্রিনিং এবং রোগনির্ণয়ের ইমেজিংয়ের জন্য নিজের পকেট থেকে কোনও খরচ করতে হবে না। আরো জানুন এখানে।

স্বাস্থ্য বীমা নেই এমন ব্যক্তিদের জন্য, যোগ্য হলে নিউ ইয়র্ক স্টেট ক্যান্সার সেবা কর্মসূচি (New York State Cancer Services Program, CSP) বিনামূল্যে স্তন ক্যান্সার স্ক্রিনিং এবং রোগনির্ণয় সেবা প্রদান করে। আপনার নিকটের একটি CSP খুঁজে বের করার জন্য (866) 442-2262 নম্বরে ফোন করুন।

স্টেটের স্বাস্থ্য বিভাগও অক্টোবরকে স্তন ক্যান্সার সচেতনতা মাস হিসেবে স্বীকৃতি দিয়েছে, সচেতনতা বৃদ্ধি করার জন্য এবং নিয়মিত স্ক্রিনিংয়ের প্রচার এবং এই ব্যাধির দ্রুত নির্ণয়ের জন্য একটি শিক্ষামূলক ক্যাম্পেইন করা হবে। মেটাস্ট্যাটিক স্তন ক্যান্সারসহ স্তন ক্যান্সার দ্বারা প্রভাবিত বহু ব্যক্তির প্রতি সমর্থন প্রদর্শন করতে ব্যক্তি, ব্যবসায়িক প্রতিষ্ঠান, এবং সম্প্রদায়সমূহ প্রতি বছর একত্রিত হয়। চিকিৎসা ও সংস্থানসহ স্তন ক্যান্সার সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন